

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২০৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ' (National Advisory Council on Statistics-NACS) নিম্নরূপে গঠন করেছে:

(ক) পরিষদের গঠন:

(১) উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয়	:	সভাপতি
(২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক	:	সদস্য
(৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন	:	সদস্য
(৪) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	:	সদস্য
(৫) সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(৬) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড	:	সদস্য
(৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
(৮) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	:	সদস্য
(৯) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য

( ২৮৭৩৭ )

মূল্য : টাকা ৪.০০

(১০)	মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	:	সদস্য
(১১)	মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)	:	সদস্য
(১২)	মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)	:	সদস্য
(১৩)	সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই)	:	সদস্য
(১৪)	চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৫)	চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৬)	ডাইরেক্টর, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৭)	অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	:	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **পরিষদের কার্যপরিধি:**

- (১) বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে বিশ্বমানে উন্নীত করা এবং জাতীয় প্রয়োজনে আরো সুনির্দিষ্টভাবে ব্যবহার উপযোগী তথ্য সংগ্রহ করার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- (২) পরিবর্তিত প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা বিবেচনাপূর্বক শুমারি/জরিপ বা অন্যান্য পরিসংখ্যান বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণে পরামর্শ প্রদান;
- (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর আওতায় পরিচালিত বিভিন্ন শুমারির বাজেট, কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সময়সূচি, পদ্ধতি (Methodology) ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- (৪) পরিসংখ্যান সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন প্রয়োজন ও চাহিদার পরিপ্রেক্ষিতে পরামর্শ প্রদান;
- (৫) প্রয়োজনে পরিসংখ্যান ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান করা।

- (গ) পরিষদ প্রয়োজনে পরিসংখ্যানের সাথে সম্পৃক্ত যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান-প্রধানকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) পরিষদের সভা বছরে কমপক্ষে দুইবার অনুষ্ঠিত হবে।
- (ঙ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৬৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।
- ০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl\_ce@cabinet.gov.bd